গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

স্মারক নং-৪২.০০.০০০০.০৩২.২৩.০৪৫.১৯- ৪৬

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ২৬ ফেব্রুয়ারি ২০২০খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: জেলা ও উপজেলা পর্যায়ে 'বিশ্ব পানি দিবস-২০২০' উদযাপন সংক্রান্ত।

আগামী ২২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ তারিখ বাংলাদেশে যথোপযুক্ত গুরুত্ব ও মর্যাদার সাথে বিশ্ব পানি দিবস উদযাপন করা হবে। বিশ্ব পানি দিবসের এবারের প্রতিপাদ্য (Theme) হচ্ছে 'Water and Climate Change' অর্থাৎ 'পানি' এবং 'জলবায়ু পরিবর্তন'। ঢাকাসহ দেশের সকল জেলা ও উপজেলায় এ দিবস উদযাপন করা হবে।

২। গত ১৯ ফেব্রুয়ারি ২০২০খ্রিস্টাব্দ তারিখ বিশ্ব পানি দিবস-২০২০ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় দিবসটি উদযাপনের জন্য জেলা এবং উপজেলা সমূহের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটির রূপরেখা ও কার্যপরিধি নিম্নরূপ:

(ক) 'বিশ্ব পানি দিবস-২০২০' উদযাপন সংক্রান্ত জেলা কমিটি:

১।	জেলা প্রশাসক	সভাপতি
২।	পুলিশ সুপার	সহসভাপতি
৩।	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ	সদস্য
৪।	সচিব/প্রধান নির্বাহী, জেলা পরিষদ	সদস্য
৫।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৬।	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৭।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	সদস্য
৮।	জেলা মৎস্য কর্মকর্তা কর্তাকর্তা	সদস্য
৯।	জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	সদস্য
১০।	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত পানি বিষয়ে কর্মরত ২ (দুই) জন এনজিও প্রতিনিধি	সদস্য
১১।	পৌরসভা/সিটি কর্পোরেশনের প্রতিনিধি	সদস্য
১২।	নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য-সচিব

বিশ্ব পানি দিবস উদযাপন সংক্রান্ত জেলা কমিটির কার্য পরিধি:

(১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের প্রেক্ষিত বিবেচনায় রেখে সুন্দর ও সার্থকভাবে এবারের 'বিশ্ব পানি দিবস' উদযাপন করতে হবে;
(২) অন্যান্যের মধ্যে র‍্যালি, আলোচনা সভা আয়োজন, প্রচারণা এবং অন্যান্য উপযোগী কার্যক্রম;
(৩) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিল-ভাউচার স্ব-স্ব কার্যালয়ে সংরক্ষণ;
(৪) জেলা কমিটি প্রয়োজনীয় উপকমিটি গঠন এবং উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিদেরকে কো-অপ্ট করতে পারবে।

(খ) 'বিশ্ব পানি দিবস-২০২০' উদযাপন সংক্রান্ত উপজেলা কমিটি:

১।	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২।	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ	সদস্য
৩।	ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট থানা)	সদস্য
৪।	উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রতিনিধি	সদস্য
৫।	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৬।	উপজেলা প্রকৌশলী	সদস্য
৭।	উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৮।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	সদস্য
৯।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য
১০।	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত পানি বিষয়ে কর্মরত ১ (এক)জন এনজিও প্রতিনিধি	সদস্য
১১।	পৌরসভার প্রতিনিধি (যদি থাকে)	সদস্য
১২।	উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য সচিব

বিশ্ব পানি দিবস উদযাপন সংক্রান্ত উপজেলা কমিটির কার্য পরিধি:

(১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের প্রেক্ষিত বিবেচনায় রেখে সুন্দর ও সার্থকভাবে এবারের 'বিশ্ব পানি দিবস' উদযাপন করতে হবে;

(২) অন্যান্যের মধ্যে র‍্যালি, আলোচনা সভা আয়োজন, প্রচারণা এবং অন্যান্য উপযোগী কার্যক্রম;

(৩) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিল-ভাউচার স্ব-স্ব কার্যালয়ে সংরক্ষণ;

(৪) উপজেলা কমিটি প্রয়োজনীয় উপকমিটি গঠন এবং উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিদেরকে কো-অপ্ট করতে পারবে।

০৩। বর্ণিত কমিটিদ্বয় 'বিশ্ব পানি দিবস-২০২০' উদযাপনের বিষয়ে স্ব স্ব অধিক্ষেত্রে উপযুক্ত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবে।

০৪। পানি সম্পদ মন্ত্রণালয়ের ২২/০৭/২০১৮খ্রিস্টাব্দ তারিখের পত্রের মাধ্যমে গঠিত পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সদস্যগণকে বিশ্ব পানি দিবস উদযাপনের সকল কার্যক্রমে সম্পৃক্ত করার জন্য অনুরোধ করা হলো।

২৬/২/২০২০

(আ স ম সুজা)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৭০১
e-mail: admin2@mowr.gov.bd

বিতরণ /কার্যার্থে:

১। জেলা প্রশাসক, ---------- (সকল)।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----------(সকল)।

৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ----------(সকল)।

৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ----------(সকল)।

স্মারক নং-৪২.০০.০০০০.০৩২.২৩.০৪৫.১৯-

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ২৬ ফেব্রুয়ারি ২০২০খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং জেলা/উপজেলার ই-মেইলে প্রেরনের অনুরোধসহ)।
৯। অফিস কপি।

২৬/২/২০২০

(আ স ম সুজা)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৭০১